দৈনিক খবর

তারিখ 21 OCT 1992
পৃষ্ঠা ৪ কলাম ৪

৪৭

# গবেষণা কার্যক্রম আরো জোরদার করুন

—মনিরুজ্জামান মিঞা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক এম মনিরুজ্জামান মিঞা বিশ্ববিদ্যালয়ের সকল গবেষণা কার্যক্রম বিশেষ করে শক্তি গবেষণা আরও জোরদার করার জন্য শিক্ষক ও গবেষকদের প্রতি আহবান জানিয়েছেন।

উপাচার্য গত রোববার প্রধান অতিথি হিসেবে পদার্থবিদ্যা বিভাগের সেমিনার কক্ষে 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবায়নযোগ্য শক্তি গবেষণা' শীর্ষক একটি সিম্পোজিয়ামের উদ্বোধনী ভাষণ দিচ্ছিলেন।

তিনি বলেন, আর্থিক সীমাবদ্ধতা ও পারিপার্শ্বিক সমস্যার কারণে আমরা উন্নত বিশ্বের মত গবেষণা পরিচালনা করতে পারছি না। বাংলাদেশের মত একটি দরিদ্র দেশে শক্তি গবেষণা অত্যন্ত জরুরী। সে জন্য দেশের প্রয়োজনে এই জাতীয় গবেষণা চালিয়ে যেতে হবে। আমাদের ওপর অর্পিত দায়িত্ব যদি আমরা পালন করতে না পারি তাহলে আমাদের উপযোগিতা নিয়ে প্রশ্ন উঠতে পারে।

উদ্বোধনী অনুষ্ঠানে আরও বক্তৃতা করেন পদার্থ বিজ্ঞান বিভাগের প্রবীণ শিক্ষক অধ্যাপক এম এ এম মুহতাশাম হোসেন এবং বিশ্ববিদ্যালয়ের নবায়নযোগ্য শক্তি গবেষণা কেন্দ্রের পরিচালক অধ্যাপক মুহাম্মদ ইব্রাহীম।— প্রেস বিজ্ঞপ্তি।